



## নারায়ণগঞ্জে বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের আড়াইহাজারে জমি থেকে মাটি বিক্রি নিয়ে বিরোধের জেরে ওসমান গনি (৪৫) নামের এক ইউনিয়ন বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। তিনি ব্রাহ্মণন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। পুলিশ জানায়, মাটি উত্তোলন ও বিক্রিকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে স্থানীয় একটি পক্ষের সঙ্গে তার বিরোধ চলছিল। বুধবার (২০ মে) রাতে পাঁচগাঁও এলাকায় ভেকু মেশিন নষ্ট হওয়ার খবর পেয়ে তিনি সেখানে যান। কাজ শেষে ফেরার পথে আগে থেকে ওত পেতে থাকা সশস্ত্ররা তার ওপর হামলা চালায়। ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত অবস্থায় তাকে ফেলে রেখে যায়। পরে হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। পরদিন সকালে বিক্ষুব্ধ নেতাকর্মীরা আড়াইহাজার-ব্রাহ্মণন্দী সড়ক অবরোধ করেন। টায়ার জ্বালিয়ে বিক্ষোভে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশের আশ্বাসে পরিস্থিতি শান্ত হয়। ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে সন্দেহভাজন কয়েকজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে। থানার ওসি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে মাটি ব্যবসা ও স্থানীয় বিরোধ থেকেই এ হত্যাকাণ্ড। মামলা প্রক্রিয়াধীন রয়েছে, অভিযান চলছে।